সংবাদ

3 MAY 2017

# এসএসসি পরীক্ষার ফল প্রকাশ কাল

নিজস্ব বার্তা পরিবেশক

আগামীকাল (৪ মে) প্রকাশ করা হচ্ছে এসএসসি ও সমমান পরীক্ষার ফল। ওইদিন সকাল ১০টায় বিভিন্ন বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফল তুলে দেবেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। এরপর দুপুর সাড়ে ১২টায় শিক্ষা মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে ফলাফল ঘোষণা করা হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ৪ মে এসএসসির ফল প্রকাশের জন্য সময় দিয়েছেন বলে সাংবাদিকদের জানিয়েছেন শিক্ষামন্ত্রী।

এ ব্যাপারে ঢাকা শিক্ষা বোর্ডের সচিব শাহেদুল কবির চৌধুরী গতকাল সংবাদকে বলেন, 'ফল প্রকাশের এসএসসি : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## এসএসসি : পরীক্ষার

(১ম পৃষ্ঠার পর)

যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। এখন শেষ মুহূর্তের কাজ চলছে। বৃস্পতিবার পূর্বঘোষিত সময় অনুযায়ী এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হবে।' বিগত বছরের মতো এবারও যে কোন মোবাইল অপারেটর থেকে এসএমএস করে পরীক্ষার ফল জানা যাবে। এসএসসি লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৭ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠিয়ে দিলে ফিরতি এসএমএসে ফল পাওয়া যাবে। এছাড়া শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট (www.educationboardresults.gov.bd) থেকেও পরীক্ষার্থীরা ফল জানতে পারবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো ওয়েবসাইটে গিয়ে ফলাফল ডাউনলোড করতে পারবে। বিগত কয়েক বছর ধরে পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (এইচএসসি ও সমমান) পরীক্ষার ফল প্রকাশ করে আসছে শিক্ষা মন্ত্রণালয়। গত ২ ফেব্রুয়ারি এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয় এবং তাত্ত্বিক বা লিখিত পরীক্ষা শেষ হয় গত ২ মার্চ। ব্যবহারিক পরীক্ষা ৪ মার্চ শুরু হয়ে শেষ হয় ১১ মার্চ। এসএসসি ও সমমানের পরীক্ষায় এবার মোট ১৭ লাখ ৮৬ হাজার ৬১৩ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে। এর মধ্যে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসিতে ১৪ লাখ ২৫ হাজার ৯০০ জন, মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিলে ২ লাখ ৫৬ হাজার ৫০১ এবং এসএসসি ভোকেশনালে (কারিগরি) ১ লাখ ৪ হাজার ২১২ শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর